48

দৈনিক ইনকিলাব

তারিখ 10 NOV 1994
পৃষ্ঠা ৪ কলাম ৫

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গে

ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক শ্রেণীতে ভর্তির জন্য ২০০ নম্বরের উপর যাচাই করে মেধা স্কোর তৈরী করা হয়। তন্মধ্যে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং বাকী ১০০ নম্বরের মধ্যে মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ৪% এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার ৬% যোগ করে মেধাস্কোর তৈরী করা হয়। কিন্তু আসন্ন ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক শ্রেণীতে ভর্তির সময় এই নিয়ম বহাল রাখলে বিশেষ করে ১৯৯৩ সালে উচ্চ মাধ্যমিক পাসকৃত ছাত্র-ছাত্রীদের জন্য ভর্তি কঠিন হয়ে দাঁড়াবে। কারণ ১৯৯২ সালে অবজেকটিভ সিস্টেমে মাধ্যমিক পরীক্ষা হওয়ায় ছাত্র-ছাত্রীরা প্রচুর মার্ক নিয়ে পাস করেছে। কিন্তু সত্যিকার অর্থে কি এতসংখ্যক ছাত্র-ছাত্রী স্টার পাবার যোগ্যতা অর্জন করেছিল? তাই বলা যায়, ১৯৯২ সালে স্টার প্রাপ্ত একজন ছাত্র এবং ১৯৯১ সালে প্রথম বিভাগে পাসকৃত একজন ছাত্রের মেধার দিক দিয়ে সমতুল্য বলা যায়। কিন্তু দু'জনের মধ্যে মার্কের প্রচুর ব্যবধান রয়েছে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পূর্ববর্তী নিয়ম বহাল রাখলে '৯২ সনে পাসকৃত ছাত্র-ছাত্রীদের মেধাস্কোর ৪-৬ নম্বর অতিরিক্ত যোগ হবে বলা যায়, যা '৯৩ সালে পাসকৃত উচ্চ মাধ্যমিক ছাত্রদের পক্ষে মোটেই গ্রহণযোগ্য নয়। তাই বিষয়টি বিবেচনার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি সুদৃষ্টি কামনা করছি।

—আনিছুর রহমান,
ঢাকা কলেজ।